

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dot.gov.bd

নম্বর: ২৪.০২.০০০০.০০১.০৮.০০১.১৭.১৫৬৫

তারিখ: ২৯ কার্তিক ১৪২৪

১৩ নভেম্বর ২০১৭

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: জনাব খালেদা খাতুন, ক্যাশিয়ার এর অনুকূলে ভাতাসহ শ্রান্তি বিনোদন
ছুটি মঞ্জুরিসহ ভারতের আজমীর শরীফ ভ্রমণের অনুমতি প্রসঙ্গে।

বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়ের (সংযুক্তিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে কর্মরত) নিম্নে বর্ণিত কর্মচারীর অনুকূলে বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯ এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ হতে জারীকৃত ১২/৭/১৯৯৯ তারিখের অম/অবি (বাস্ত-১)/ভাতা-১৬/৯৫/১৭৬ সংখ্যক অফিস স্মারক অনুযায়ী তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটিসহ এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা হিসেবে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো এবং একইসাথে নিম্নবর্ণিত শর্তে ভারতের আজমীর শরীফ জিয়ারতের উদ্দেশ্যে ভারত ভ্রমণের অনুমতি দেয়া হলো।

ক্রমিক নং	নাম ও পদবী	শ্রান্তি বিনোদন ভাতার পরিমাণ	ছুটিভোগের তারিখ
১।	জনাব খালেদা খাতুন ক্যাশিয়ার	১৭,৫২০/- (সতের হাজার পাঁচশত কিশ) টাকা	০৩/১২/২০১৭ থেকে ১৭/১২/২০১৭ পর্যন্ত ১৫ (পনের) দিন (অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫দিন) প্রাপ্তির তারিখ-১৯/৯/২০১৭

২। উক্ত কর্মচারীর শ্রান্তি বিনোদন ভাতার ব্যয়ভার ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মঞ্জুরীর শ্রান্তি বিনোদন উপখাত হতে নির্বাহ হবে। তবে ভবিষ্যতে শ্রান্তি বিনোদন ভাতা মঞ্জুরীর ব্যাপারে কোন আপত্তি উত্থাপন হলে উক্ত টাকা সরকারী খাতে ফেরত দিতে বাধ্য থাকবেন।

শর্ত সমূহ :

- ১। এ ভ্রমণে দেশীয় বা বৈদেশিক মুদ্রায় সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ২। ভারতের ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি নিজে বহন করবেন;
- ৩। এ সময়ে তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি গ্রহণ করবেন;
- ৪। এ ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না;
- ৫। ছুটি শেষে যথাসময়ে স্থায় পদে নিজ কর্মস্থলে যোগদান।

...

ly-20

লায়লা ইয়াফির
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

নম্বর: ২৪.০২.০০০০.০০১.০৮.০০১.১৭.১৫৬৫/১(৫)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৪
১৩ নভেম্বর ২০১৭

- অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ
- ১) সহকারী প্রধান, পরিকল্পনা-১ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২) সহকারী পরিচালক (বাজেট ও হিসাব), বস্ত্র পরিদপ্তর, ঢাকা।
 - ৩) ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/বেনাপোল স্থল বন্দর, যশোর/দর্শনা স্থল বন্দর/হিলি স্থল বন্দর।
 - ৪) জনাব খালেদা খাতুন, ক্যাশিয়ার, বস্ত্র পরিদপ্তর, ঢাকা (সংযুক্তিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে কর্মরত)।
 - ৫) সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথি, বস্ত্র পরিদপ্তর, ঢাকা।

Rahman

১৩-১১-২০১৭

এ.কে.এম. রাজিবুর রহমান
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)